গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন শাখা
৮৯/২, কাকরাইল, ঢাকা

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.০০০.৯৯.০১৪১.২৬.৯৪

তারিখ: ৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ২৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সরাসরি মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর/সংস্থা বরাবর আবেদন অথবা পত্র প্রেরণ না করার বিষয়ে বিএমইটি ও এর অধীন দপ্তরের সকল কর্মকতা/কর্মচারীকে সতর্ক করা প্রসঙ্গে।**

সূত্র: সূত্র-১: প্রশাসনিক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৯.০০.০০০০.০০০.০০০.২৭.০০০৫.২৩.১১৬; তারিখ: ০৩/০৮/২০২৬।
সূত্র-২:জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০.০০০০.০০০.১৮১.২৭.০০২৪.২৫.৪০৪; তারিখ ২৯/০৬/২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের কতিপয় চীফ ইন্সট্রাক্টর বিএমইটির নিয়োগবিধি সংশোধনের বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব মহোদয় বরাবর গত ০৮/০৫/২০২৬ তারিখে সরাসরি একটি আবেদনপত্র দাখিল করেছেন এবং যার অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয়কেও প্রদান করেছেন (কপি সংযুক্ত)। মন্ত্রিপরিষদ সচিব মহোদয় বরাবর কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত সরাসরি পত্র লেখায় এ মন্ত্রণালয়ের ভাবমূর্তি ক্ষুন্ন করা সহ সরকারি চাকরি বিধিমালা অনুসারে অসদাচরনের পর্যায়ভূক্ত অপরাধ মর্মে প্রশাসনিক মন্ত্রণালয়ের পত্রে উল্লেখ রয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে বিধি-বিধান অনুসরণ না করে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সরাসরি মন্ত্রিপরিষদ সচিব তথা প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব সহ অন্য যে কোনো মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর/সংস্থা বরাবর আবেদন অথবা পত্র প্রেরণ না করার বিষয়ে বিএমইটি ও এর অধীন দপ্তরের সকল কর্মকতা/কর্মচারীকে নির্দেশক্রমে সতর্ক করা হলো। উল্লেখ্য, এরূপক্ষেত্রে উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪-০৯-২০২৬
মোহাম্মদ আলী সিদ্দিকী
উপ পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সকল কর্মকর্তা/কর্মচারী বিএমইটি সদর দপ্তর, ঢাকা।
২। অধ্যক্ষ, আইএমটি/বিআইএমটি/ডিটিটিটিআই (সকল)।
৩। অধ্যক্ষ, টিটিসি (সকল)।
৪। উপপরিচালক, বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।
৫। সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।
৬। সহকারী পরিচালক, শিক্ষানবিশি প্রশিক্ষন দপ্তর (সকল)।

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.০০০.৯৯.০১৪১.২৬.৯৪/১ (৪)

তারিখ: ৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ২৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)।

২। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। অতিরিক্ত মহাপরিচালকের (প্রশিক্ষণ/কর্মসংস্থান) ব্যক্তিগত সহকারী বিএমইটি, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অফিস কপি, /২০২৬।

২৪-০৯-২০২৬
মোহাম্মদ আলী সিদ্দিকী
উপ পরিচালক